

فَتَاوَى ثَلَاثِينَ

ফতোয়ায়ে ছালাছীন

বা

ত্রিশ ফতোয়া

বিস্মিল্লাহির রাহমানির রাহীম

নাহ্মাদুহু ওয়া নুছাল্লী আলা রাছুলিহিল কারীম

فَاسْأَلُوا أَهْلَ الذِّكْرِ إِنْ كُنْتُمْ لَا تَعْلَمُونَ

প্রশ্ন- ১ : মাসিক মদিনা মার্চ ২০০৩ সংখ্যায় ৩৯-৪০ পৃষ্ঠায় জনৈক আবদুল্লাহ ইবনে সামছ ২৭টি আক্বিদা ও আমলকে বিদআত, শিরক ও কুফরী বলে দাবী করেছে। কিন্তু কোন দলীল উল্লেখ করেনি। কোন কোনটির ক্ষেত্রে শুধু পুস্তকের নাম উল্লেখ করেছে। তন্মধ্যে ১নং দাবী হচ্ছে- "কোন মৃত ব্যক্তির কাছে সাহায্য চাওয়া শিরক"। তার দাবী কতটুকু সত্য?

ফতোয়া : তার দাবী মোটেই সত্য নয়- বিবিধ কারণে। প্রথমতঃ সে কোন দলীল পেশ করেনি। দ্বিতীয়তঃ সে সকল মৃত ব্যক্তির ব্যাপারে একই মন্তব্য করেছে। নবী ও অলীগণের নিকট রুহানী সাহায্য চাওয়া হাদীস ও ইমাম মুজতাহিদগণের কিতাব দ্বারা সুপ্রমাণিত। যেমন- হাদীস শরীফে উল্লেখ আছে-

(ক) - إِذَا تَحَيَّرْتُمْ فِي الْأُمُورِ فَاسْتَعِينُوا بِأَهْلِ الْمَقَابِرِ -

অর্থাৎ- "যখন তোমরা কোন ব্যাপারে সঙ্কটে পড়ে যাও- তখন কবরবাসীদের মাধ্যমে সাহায্য চাও"। (দেখুন আবদুল হাই লক্ষৌভীর মজমুউল ফাতাওয়া ও আল্লামা দাজুভী সাহারানপুরীর আল বাছায়ের)।

(খ) ইমাম গায়যালী (রহঃ) ইহুইয়াউল উলুমে লিখেছেন-

مَنْ يَسْتَمِدُّ بِهِ فِي حَيَاتِهِ يُسْتَمَدُّ بِهِ بَعْدَ وَفَاتِهِ -

অর্থাৎ- "যার কাছে জীবিতাবস্থায় সাহায্য চাওয়া বৈধ, ইনতিকালের পরেও তাঁর নিকট সাহায্য চাওয়া জায়েয"।